# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 17.06.2024 Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) রাঙ্গাপানী স্টেশনের কাছে ডাউন আগরতলা-শিয়ালদা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে মালগাড়ির ধাক্কায় সরকারীভাবে ৯ জনের মৃত্যুর কথা জানানো হয়েছে। আহত আরও অন্তত ৬০।

২) রেলমন্ত্রী দুর্ঘটনাস্থল পরিদর্শন করে মৃতদের পরিবার পিছু ১০ লক্ষ এবং গুরুতর আহতদের আড়াই লক্ষ টাকা দেওয়ার কথা ঘোষণা করেছেন।

প্রধানমন্ত্রীর দফতর থেকেও নিহতদের পরিবারকে ২ লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেওয়া হবে।

৩) রাজ্যপাল, মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপির রাজ্য সভাপতিও ঘটনাস্থলে গেছেন।

৪) দুর্ঘটনার পর চারটি কামরা বাদে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে শিয়ালদার উদ্দেশে রওনা হয়েছে। যাত্রীদের সুবিধার্থে সেখানে খোলা হচ্ছে হেল্প ডেস্ক।

৫) বিজেপি রাজ্যের চারটি বিধানসভার উপ-নির্বাচনের প্রার্থী তালিকা ঘোষণা করেছে।

ভোট পরবর্তী সন্ত্রাস খতিয়ে দেখতে বিজেপি-র কেন্দ্রীয় দলের নেতারা আজ কোচবিহারে যান।

৬) বাংলা যুব জাতীয় অ্যাথলেটিক্সে দুটি সোনা ও একটি ব্রোঞ্জ পদক পেয়েছে।

oooooooooooooooooooo

রাঙ্গাপানী স্টেশনের কাছে ডাউন আগরতলা-শিয়ালদা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে মালগাড়ির ধাক্কায় সরকারীভাবে ৯ জনের মৃত্যুর কথা জানানো হয়েছে। এদের মধ্যে মালগাড়ির চালক ও কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের গার্ড ছাড়াও রয়েছেন ৭ যাত্রী। বেসরকারী সূত্রে অবশ্য মৃতের সংখ্যা আরও বেশি। আহত অন্তত ৬০।

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ দুর্ঘটনাস্থলে যান। তিনি মৃতদের পরিবার পিছু ১০ লক্ষ টাকা, গুরুতর আহতদের আড়াই লক্ষ এবং স্বল্প আহতদের ৫০ হাজার টাকা দেওয়ার কথা ঘোষণা করেন। এর আগে প্রধানমন্ত্রীর দপ্তর থেকে নিহতদের পরিবার পিছু ২ লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেওয়ার কথা জানানো হয়।

উদ্ধারের কাজেই সব থেকে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে উল্লেখ করে রেলমন্ত্রী এনিয়ে রাজনীতি না করার আবেদন জানান।

(রেল সুরক্ষা কমিশনার ইতিমধ্যে তদন্তের কাজ শুরু করেছেন বলেও তিনি সাংবাদিকদের জানান।)

( বাইট - অশ্বিনী বৈষ্ণব)

এই দুর্ঘটনায় গুরুতর আহত ৪৫ জনের মধ্যে ৩৯ জন উত্তরবঙ্গ মেডিকেল কলেজ এবং ৬ জন ফাঁসিদেওয়া হাসপাতালে চিকিৎসাধীন বলে দার্জিলিং-এর জেলাশাক প্রীতি গোয়েল জানিয়েছেন।

(বাইট – প্রীতি গোয়েল)

রাজ্যপাল সি ভি আনন্দ বোসও পরিস্থিতি খতিয়ে দেখতে দুর্ঘটনাস্থল পরিদর্শনে করেন। পরে তিনি আহতদের দেখতে হাসপাতালে যান।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও উত্তরবঙ্গ গেছেন। বিমান না পেয়ে পৌঁছতে দেরি হওয়ায় তিনি দুর্ঘটনাস্থলে না গিয়ে আহতদের দেখতে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে যান। বাগডোগরা রওনা হওয়ার আগে এই দুর্ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। কলকাতা বিমানবন্দরে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, তিনি রেলমন্ত্রী থাকাকালীন অ্যান্টি কলিশন ডিভাইস চালু করলেও এখন ট্রেন যাত্রীদের কোন নিরাপত্তা নেই। দুরপাল্লা ট্রেনে রাতের সফর এখন বিভিষিকার।

(বাইট – মমতা)

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী , বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন। তিনিও উত্তরবঙ্গে গেছেন। বাগডোগরা বিমানবন্দরে পৌঁছে তিনি রাঙাপানি স্টেশনের কাছে দুর্ঘটনা স্থল পরিদর্শন করেছে। এরপর হাসপাতালে গিয়ে আহতদের সঙ্গে দেখা করবেন।

রওনা হওয়ার আগে কলকাতায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্ত বাবু বলেন, রেলমন্ত্রী ও তার মন্ত্রক সব বিষয়ে যোগাযোগ রাখছেন। বিজেপি কর্মীরাও ইতিমধ্যেই উদ্ধারকাজে সহায়তা করছে। একই লাইনে দুটি ট্রেন কেন এসেছিল সে বিষয়ে তদন্ত করা হবে। মালগাড়ির চালক সিগনাল উপেক্ষা করার কারণেই এই দুর্ঘটনা বলে প্রাথমিক অনুমান।

(বাইট – সুকান্ত)

(এই ঘটনায় তৃণমূল কংগ্রেস রেলমন্ত্রীর পদত্যাগ দাবি করার বিষয়ে রাজ্য সভাপতি বলেন,এটা রাজনীতি করার সময় নয়। তৃণমূল কংগ্রেস শুধুমাত্র রাজনীতি ও তোলাবাজি করে চলছে)।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী এই ঘটনায় গভীর শোক প্রকাশ ও নিহতদের পরিবারকে গভীর সমবেদনা জানিয়েছেন । ভয়াবহ এই দুর্ঘটনার কারণ খুঁজে বের করতে রেলের তদন্তের পাশাপাশি উপযুক্ত ও নির্ভরযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে পূর্ণাঙ্গ তদন্তের ও দাবি জানিয়েছেন অধীর বাবু।

তৃণমূল কংগ্রেস এই দুর্ঘটনার দায় রেলমন্ত্রী ও প্রধানমন্ত্রীকে নিতে হবে বলে দাবি করেছে।

এস ইউ সি আই কমিউনিষ্ট এবং সি পি আই এম এল লিবারেশনও এই দুর্ঘটনার জন্য সরকারী উদাসীনতাকেই দায়ী করেছে।

এদিকে, দুর্ঘটনাগ্রস্ত চারটি কামরা বাদ দিয়ে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস বেলা পৌনে একটা নাগাদ ১ হাজার ২৯৩ জন যাত্রীকে নিয়ে শিয়ালদার উদ্দেশে রওনা দিয়েছে। রাত দেড়টা নাগাদ সেটির গন্তব্যে পৌঁছনোর কথা। শিয়ালদা স্টেশনে রাত ১২-টা নাগাদ রাজ্য সরকারের পক্ষ থেকে একটি হেল্প ডেস্ক চালু করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এর দায়িত্বে থাকবেন রাজ্যের দুই মন্ত্রী ফিরহাদ হাকিম ও স্নেহাশিষ চক্রবর্তী এবং পরিবহণ সচিব ডক্টর সৌমিত্র মোহন। যাত্রীরা যাতে স্বচ্ছন্দ্যে তাদের বাড়ি পৌঁছতে পারেন, সেজন্য রাজ্য পরিবহন দফতরের পক্ষ থেকে স্টেশনে সরকারী বাসেরও ব্যবস্থা রাখা হচ্ছে।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমও ট্রেন দুর্ঘটনার জেরে আটকে পড়া যাত্রীদের সুবিধার্থে অতিরিক্ত বাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সংস্থার চেয়ারম্যান পার্থ প্রতিম রায় জানিয়েছেন, ১০টি বাস শিলিগুড়ির তেনজিং নোরগে টার্মিনাস থেকে কলকাতা রুটে চালানো হবে। প্রয়োজনে বাড়ানো হবে বাসের সংখ্যা।

হতাহত যাত্রীদের ব্যাপারে খোঁজ খবর দিতে শিয়ালদা, হাওড়া, গুয়াহাটি, আলুয়াবাড়ি, ডালখোলা, নিউ বঙ্গাইগাঁও সহ বিভিন্ন স্টেশনে হেল্প ডেস্ক চালু করেছে পূর্ব ও উত্তর পূর্ব সীমান্ত রেল।

এদিকে, দুর্ঘটনার পর বিকেল পাঁচটা ৪০ মিনিট থেকে নিউ জলপাইগুড়িগামী আপ লাইনে ট্রেন চলাচল স্বাভাবিক হয়েছে। ডাউন লাইনেও খুব শীঘ্রই স্বাভাবিক হবে বলে উত্তরপূর্ব সীমান্ত রেল সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, আজ সকাল পৌনে নটা নাগাদ নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে প্রায় ৩০ কিলোমিটার দূরে নীচবাড়ি ও চটেরহাটের মাঝামাঝি সিগন্যাল না পেয়ে দাঁড়িয়েছিল শিয়ালদামুখী কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। পেছন থেকে দ্রুত গতিতে মালগাড়িটি এসে ধাক্কা মারলে ট্রেনের দুটি কামরা লাইনচ্যুত হয়। মালগাড়িরও একের পর এক ওয়াগন পাশের লাইনে উল্টে পড়ে। ধাক্কার অভিঘাতে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের একটি কামরার ওপর উঠে যায় আর একটি কামরা। তিনটি কামরা দুমড়ে মুচড়ে যায়। বিকট আওয়াজ পেয়ে ছুটে আসেন স্থানীয় লোকজন। তাঁরাই প্রথমে উদ্ধারকাজে হাত লাগান।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দুর্ঘটনায় গভীর মর্ম বেদনা প্রকাশ করেছেন। শোক প্রকাশ করেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গেও।

০০০০০০০০০০০০০০০০০০

রাঙাপানি স্টেশনের কাছে ডাউন আগরতলা - শিয়ালদা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনার কারণে বেশ কিছু ট্রেনের যাত্রা পথ পরিবর্তন করা হয়েছে।

রেল সূত্রে জানা গেছে, গুয়াহাটি - হাওড়া সরাইঘাট এক্সপ্রেস, গুয়াহাটি - SMVT বেঙ্গালুরু এক্সপ্রেস, নিউ জলপাইগুড়ি - হাওড়া Vande Bharat Express, kamakhya - গয়া এক্সপ্রেস, ডিব্রুগড় - হাওড়া কামরূপ এক্সপ্রেস, বামনহাট - শিয়ালদা উত্তরবঙ্গ এক্সপ্রেস, নিউ তিনসুকিয়া - তামবারাম এক্সপ্রেস, নিউ আলিপুরদুয়ার - শিয়ালদা তিস্তা তোর্সা এক্সপ্রেস, হলদিবাড়ি - শিয়ালদা দার্জিলিং মেল, নিউ আলিপুরদুয়ার - শিয়ালদা পদাতিক এক্সপ্রেস, কামাখ্যা - দিল্লী ব্রহ্মপুত্র মেল এবং ডিব্রুগড় - কন্যাকুমারী এক্সপ্রেস আজ নিউ জলপাইগুড়ি - শিলিগুড়ি – বাগডগ্রা - আলুয়াবাড়ি রোড হয়ে যাচ্ছে।

এছাড়া আজ নিউ জলপাইগুড়ি - মালদা টাউনের মধ্যে ৫ টি ট্রেন বাতিল হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে প্রার্থী তালিকা ঘোষণা করেছে।, রায়গঞ্জ বিধানসভা কেন্দ্রে মানস কুমার ঘোষ,রানাঘাট দক্ষিণে মনোজ কুমার বিশ্বাস, বাগদায় বিনয় কুমার বিশ্বাস এবং মানিকতলা

কেন্দ্রে কল্যান চৌবে ভট্টাচার্য প্রতিদ্বন্দ্বিতা করবেন। দলীয় সূত্রে আজ এ কথা জানানো হয়েছে ।

উল্লেখ্য, নির্বাচন কমিশন আগামী ১০'ই জুলাই বাগদা, রানাঘাট দক্ষিণ, মানিকতলা ও রায়গঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচনের দিন ঘোষণা করেছে।

oooooooooooooooooo

ভোট পরবর্তী সন্ত্রাস খতিয়ে দেখতে বিজেপির কেন্দ্রীয় দলের নেতারা আজ কোচবিহারে যান । ৪ সদস্যের ঐ দলে বিজেপি সাংসদ বিপ্লব কুমার দেব, রবি শংকর প্রসাদ, কবিতা পাতিদার ও ব্রিজ লালের সঙ্গে ছিলেন বিধায়ক অগ্নিমিত্রা পালও । তারা প্রথমেই যান কোচবিহার জেলা বিজেপি পার্টি অফিসে । সেখানে ভোট পরবর্তী সন্ত্রাসের জেরে আশ্রয় নেওয়া বিজেপি কর্মীদের সঙ্গে কথা বলেন তারা। শোনেন তাদের সমস্যার কথাও ।

পরে রবিশঙ্কর প্রসাদ বলেন, এ রাজ্যের মহিলাদের উপর যেভাবে অত্যাচার হচ্ছে , তৃণমুলের এখানে ক্ষমতায় থাকার কোন অধিকার নেই। এখানে অত্যাচার বন্ধ না হলে সংবিধান অনুযায়ী যা ব্যবস্থা নেওয়ার তাই নেওয়া হবে বলেও তিনি সতর্ক করে দেন। শ্রী প্রসাদ আরও বলেন পুরো ঘটনার রিপোর্ট সর্বভারতীয় সভাপতিকে দেয়া হবে।

(বাইট- রবিশঙ্কর প্রসাদ)

এদিকে বিজেপি কার্যকর্তাদের সঙ্গে কথা বলার সময় আজ জেলা পার্টি অফিসের ভেতরে ছবি তুলছিলেন এক সিভিক ভলেন্টিয়ার। বিজেপি কর্মীরা তাকে আটকে দেয় এবং তাঁর মোবাইল ফোন কেড়ে নিয়ে বের করেও দেওয়া হয়। এই ঘটনাকে কেন্দ্র করে সেখানে উত্তেজনা ছড়ায় । এরপর

বিজেপি নেতারা কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে যান। সেখানে চিকিৎসাধীন আক্রান্ত বিজেপি কর্মীদের সঙ্গে কথা বলে, তাঁরা কোচবিহার ছাড়েন ।

উল্লেখ্য,আগামীকাল বিজেপির তথ্যানুসন্ধান দলটির দক্ষিণবঙ্গে ভোট পরবর্তী হিংসার পরিস্থিতি সরেজমিনে দেখার কথা।

গতরাতে কলকাতায় পৌঁছে মাহেশ্বরী ভবনে গিয়ে হিংসায় ঘরছাড়া দলীয় কর্মীদের সঙ্গে কথা বলেন তারা।

এদিকে পশ্চিম মেদিনীপুর জেলার বিভিন্ন স্থানে, ভোট পরবর্তী হিংসায় আক্রান্ত ঘর ছাড়া বহু বিজেপি কর্মী সমর্থক মেদিনীপুর শহরে বিজেপির দলীয় কার্যালয়ে আশ্রয় নিয়েছেন। আজ তাঁদের সঙ্গে কথা বলেন বিজেপির প্রাক্তন সর্বভারতীয় সহ-সভাপতি দিলীপ ঘোষ।

oooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানে ভোট পরবর্তী হিংসায় শেখ আলম নামে জাতীয় কংগ্রেসের এক কর্মীর চারচাকার গাড়িতে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। রবিবার গভীররাতে গাড়িটিতে আগুন লাগিয়ে দেওয়ায় সেটি সম্পুর্ণ ভস্মীভূত হয়ে যায়।

গত পঞ্চায়েত ভোটে জাতীয় কংগ্রেসের হয়ে ভাতার গ্রাম পঞ্চায়েতের বালসিডাঙ্গা গ্রামে ২২২ নম্বর বুথে প্রার্থী ছিলেন শেখ আলিমের স্ত্রী সাবিনা ইয়াসমিন বেগম। ভোটে তিনি পরাজিত হন।সেখ আলিম বলেন, রাজনৈতিক শত্রুতার কারণেই তার গাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়।

ooooooooooooooooooooo

রাজভবনের নিরাপত্তার দায়িত্ব থেকে কলকাতা পুলিশকে সরিয়ে দেওয়ার জন্য রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। তাতে রাজভবন থেকে অবিলম্বে ঐ পুলিশকর্মীদের সরিয়ে দিতেও বলা হয়েছে।

রাজভবন সূত্রে জানা গিয়েছে, রাজ্যপাল সিভি আনন্দ বোস তাঁর চিঠিতে জানিয়েছেন, রাজভবন চত্বরে কলকাতা পুলিশের নিরাপত্তায় তিনি একেবারেই সুরক্ষিত বোধ করছেন না। তাই রাজভবনের দায়িত্বে থাকা পুলিশ কর্মীদের সরিয়ে দেওয়া হোক ।

উল্লেখ্য, রাজভবনে গত বৃহস্পতিবার পুলিশের বাধায় ঢুকতে না পারার অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টে মামলা করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তারপর থেকেই রাজ্য সরকারের আচরণের সমালোচনা করে এ ব্যাপারে একাধিকবার সরব হয়েছেন রাজ্যপাল।

oooooooooooooooooooo

যথাযথ ধর্মীয় মর্যাদায় আজ রাজ্য জুড়ে পবিত্র ঈদ উল আজহা পালিত হচ্ছে। এই উপলক্ষে সকালেই মসজিদ ও ঈদগাহগুলিতে বিশেষ নামাজের আয়োজন করা হয়।

ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে গেদে ও দর্শনার জিরো পয়েন্টে এই উপলক্ষে বিএসএফ-এর পক্ষ থেকে বাংলাদেশ বর্ডার গার্ড বিজিবির হাতে মিষ্টি, শুকনো ফল ও চকোলেট তুলে দেওয়া হয়। বাংলাদেশ বর্ডার গার্ড ও এদেশের গেদে সীমান্তে বিএসএফের পদস্থ কর্তাদের হাতে মিষ্টি তুলে দেয়।শুভেচ্ছা বিনিময় করেন দুই বাহিনীর আধিকারিক ও কর্মীরা।

মালদা মুর্শিদাবাদ সহ বিভিন্ন জেলা থেকেও বিপুল উৎসাহ উদ্দীপনায় কোরবানি ঈদ পালনের খবর এসেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিলাসপুরে তিনদিনের যুব জাতীয় আথলেটিক্সের আজ শেষ দিনে বাংলা দুটি সোনা ও একটি ব্রোঞ্জ পদক পেয়েছে। সাগর রায় হাইজাম্পে স্বর্ণ পদক জয় করেছে। সাগর দুই দশমিক ০৬ মিটার উচ্চতা অতিক্রম করে সোনা পেয়েছে। হেপ্টাথলনে বাংলার রিনি খাতুন সোনা জিতেছে। তার সংগৃহীত পয়েন্ট চার হাজার ৩৫৭। ডিসকাস থ্রো-এ ব্রোঞ্জ পেয়েছে মিতালি হালদার।

০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে আজ বেঙ্গল প্রো টি টোয়েন্টি লীগ ক্রিকেটে হাওড়া ওয়ারিয়র্স ৩১ রানে হারবার ডায়মন্ডকে হারিয়ে দিয়েছে।

সল্ট লেকের যাদবপুর বিশ্ববিদ্যালয় মাঠে মহিলাদের ম্যাচে মেদিনীপুর উইজার্ডস, কলকাতা টাইগার্সকে ২৮ রানে পরাজিত করেছে।

অন্য ম্যাচে স্মাশারস মালদা ২৩ রানে হাওড়া ওয়ারিয়র্স এর বিরুদ্ধে জয়ী হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০